# SOP on
# Update of Farmer Details by Farmer


Version 2.0 Date: 28.11.23

একজন কৃষক যিনি ইতিমধ্যেই https://epaddy.wb.gov.in/ ওয়েবসাইট-এ নথিভুক্ত, ২৩-২৪ খরিফ বিপণন মরশুমে তাঁকে ধান বিক্রির দিন (schedule) স্থির করতে গেলে অবশ্যই আধার, মোবাইল নম্বর এবং ব্যাংক অ্যাকাউন্ট প্রমাণীকৃত (validated) থাকতে হবে। কৃষক কিভাবে তাঁর রেজিস্ট্রেশন active আছে কিনা দেখবেন এবং inactive থাকলে কিভাবে update করবেন তা নিম্নলিখিত প্রণালীতে নির্দেশিত হলঃ


১। কৃষক ওয়েবসাইট-এর home page এ ‘Farmer’ মেনুর মধ্যে ‘Farmer Registration Status’ সাব-মেনুতে গিয়ে কাজ শুরু করবেন।





২। এখানে কৃষকের আধার বা রেজিস্ট্রেশন নম্বর দিয়ে submit বোতামটি টিপতে হবে।



৩। তারপর Captcha টি সঠিকভাবে দিয়ে Submit বোতাম টিপতে হবে।





৪। যদি কৃষকের রেজিস্ট্রেশন-এ সমস্ত প্রমাণীকরণ ইতিমধ্যেই হয়ে থাকে তাহলে রেজিস্ট্রেশন-টি Active দেখাবে।





Active থাকলে কৃষকের আর কিছু করার প্রয়োজন নেই। তিনি ধান বিক্রির দিন স্থির (schedule) করতে পারেন।

৫। যদি কৃষকের রেজিস্ট্রেশন-এ আধার, কৃষকবন্ধু এবং ব্যাঙ্ক অ্যাকাউন্ট -এর মধ্যে এক বা একাধিক প্রমাণীকরণ না হয়ে থাকে তাহলে রেজিস্ট্রেশন-টি Inactive দেখাবে। কোন প্রমাণীকরণটি সফল না হওয়ার জন্যে Inactive দেখানো হচ্ছে, সেই কারণটিও লেখা থাকবে।





এই ধরণের কৃষক ‘Please click here to update’ লিংক-টি ক্লিক করে নিম্নলিখিত পদ্ধতিতে রেজিস্ট্রেশন-টি Active করতে পারবেন।


৬। এই কাজটি যে কৃষক নিজেই করছেন এই ব্যাপারে নিশ্চিত হওয়ার জন্য OTP -র ব্যবস্থা রাখা হয়েছে। কৃষক OTP টি আধার-সংযুক্ত মোবাইল নম্বর-এ পেতে চান, নাকি সাধারণ (এই পোর্টালে যে মোবাইল নম্বর দেওয়া হয়েছে) মোবাইল নম্বর-এ তা বেছে নিতে পারেন ।



৭। নির্দিষ্ট মোবাইল-এ পাওয়া OTP টি এবার তাঁকে জানাতে হবে। কৃষক 'আধার OTP' বেছে নিলে নিচের screen-টি আসবে।





৮ । কৃষকের eKYC র তথ্য দেখানো হবে। এগিয়ে যাওয়ার জন্য কৃষক Proceed বোতাম টিপবেন। সাধারণ মোবাইল OTPর ক্ষেত্রে এই ধাপটি আসবে না।



৯। এবারে কৃষক তাঁর রেজিস্ট্রেশন-এর সব তথ্য একসঙ্গে দেখতে পাবেন। কোন প্রমাণীকরণ সফল আছে ও কোনটি নেই, তা তাঁকে দেখিয়ে দেওয়া হবে। প্রমাণীকরণের মাধ্যমে কৃষকের রেজিস্ট্রেশন-এর তথ্য আপডেট করার ৪টি ধাপ আছে। সেগুলি হলো - কৃষকবন্ধু, আধার, মোবাইল নম্বর ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট । কৃষককে মাথায় রাখতে হবে যে যেকোনো Update করার জন্য পৃথকভাবে আধার প্রমাণীকরণ করতে হবে।


এই উদাহরণটিতে কৃষকের আধার, মোবাইল নম্বর ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট প্রমাণীকৃত থাকলেও কৃষকবন্ধু নেই।

Proceed বোতাম টিপে কৃষক কৃষকবন্ধু প্রমাণীকরণ করার জন্য এগোবেন।





## ১০। কৃষকবন্ধু Update:


প্রথম ধাপে কৃষকবন্ধু আপডেট করার জন্য কৃষক তাঁর ভোটার কার্ড নম্বর, আধার কার্ড নম্বর বা কৃষকবন্ধু ID দেবেন এবং Validate বোতাম টিপবেন।



১১। ওই ভোটার কার্ড নম্বর বা কৃষকবন্ধু ID দিয়ে যদি কৃষকবন্ধু তথ্যভাণ্ডারে খুঁজে পাওয়া যায়, তাহলে সংশ্লিষ্ট তথ্য দেখানো হবে। সেই তথ্য স্বীকার করার জন্য কৃষক Update বোতাম টিপে কৃষক কৃষকবন্ধু প্রমাণীকরণ করবেন।




১২। Krishakbandhu Status: Success দেখালে কৃষক Next বোতাম টিপে পরবর্তী ধাপের জন্য এগিয়ে যাবেন।





অথবা, যদি কৃষক তাঁর তথ্য কৃষক বন্ধুতে খুঁজে না পান, তাহলে তাঁকে জিজ্ঞাসা করা হবে তিনি 'অনথিভুক্ত বর্গাদার' হিসাবে তাঁর রেজিস্ট্রেশন-টি আপডেট করতে চান কিনা। যদি কৃষক 'Yes' বেছে নেন সেক্ষেত্রে তিনি 'Annx -V' ফরম্যাট-এর স্ব-ঘোষণাপত্র আপলোড করবেন এবং 'Next' বোতাম টিপে পরবর্তী ধাপে এগিয়ে যাবেন ।

এই উদাহরণের কৃষক কৃষকবন্ধু Update হয়ে যাওয়ার পরে বাকি ধাপগুলির মধ্যে শুধু আধার প্রমাণীকরণ করে তাঁর কাজ সম্পূর্ণ save করতে পারবেন। তবে এখানে সবকটি ধাপই পরপর করে দেখানো হয়েছে যাতে সবধরণের প্রমাণীকরণ না থাকা কৃষকই অবহিত হতে পারেন।


১৩। আধার Update ঃ

কৃষকের আধার যদি এর আগে প্রমাণীকৃত হয়ে না থাকে একমাত্র তখনি তিনি নতুন আধার-এর তথ্য দেওয়ার সুযোগ পাবেন। নচেৎ এই ক্ষেত্রে কৃষক শুধুমাত্র আধার প্রমাণীকরণ করবেন।

কৃষক তাঁর আধার নম্বর দেবেন এবং Get OTP বোতাম টিপবেন।




১৪। আধার-সংযুক্ত মোবাইলে যাওয়া OTPটি এখানে দিতে হবে।




১৫। আধার থেকে পাওয়া কৃষকের তথ্য দেখানো হবে। এগিয়ে যাওয়ার জন্য কৃষক Proceed বোতাম টিপবেন।




১৬। আধার প্রমাণীকরণ সফল হলে Next বোতাম টিপে পরবর্তী ধাপে যেতে হবে।





১৭। মোবাইল নম্বর Update (১৩ থেকে ১৬ নম্বর ধাপে আধার প্রমাণীকরণ সফল হওয়ার পরে):


কৃষক তাঁর মোবাইল নম্বর দেবেন ও Send OTP বোতাম টিপবেন।





১৮। কৃষকের দেওয়া মোবাইল নম্বর-এ OTP যাবে।



১৯। OTPটি সঠিকভাবে দিয়ে Validate OTP বোতাম টিপতে হবে।




২০। Update বোতাম টিপলে প্রমাণীকৃত মোবাইল নম্বরটি গৃহীত হয়ে যাবে। তারপর Next টিপে পরবর্তী ধাপে যেতে হবে।





**২১। ব্যাঙ্ক অ্যাকাউন্ট Update (১৩ থেকে ১৬ নম্বর ধাপে আধার প্রমাণীকরণ সফল হওয়ার পরে)ঃ**

যদি ইতিমধ্যেই কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্ট -টি প্রমাণীকৃত হয়ে থাকে তাহলে কৃষকের এই সংক্রান্ত আর কিছু করার দরকার নেই। তিনি Update বোতাম টিপে কাজটি সম্পূর্ণ করবেন।


**কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্ট-টি যদি এর আগে প্রমাণীকৃত হয়ে না থাকে একমাত্র তখনি তিনি উপরে দেখানো screen-এ নতুন অ্যাকাউন্ট -এর তথ্য দেওয়ার সুযোগ পাবেন।** IFSC দিলে ব্যাঙ্ক-এর এবং ব্যাঙ্ক-এর শাখার নাম চলে আসবে। কৃষক তাঁর অ্যাকাউন্ট নম্বর দেবেন এবং পুনরায় দিয়ে confirm করবেন।

তারপর নতুন ব্যাঙ্ক অ্যাকাউন্টের প্রথম পাতার ছবি upload করবেন।

তারপর Update বোতাম টিপলে নতুন অ্যাকাউন্ট -এর তথ্য সংযোজিত হয়ে যাবে।




২২। তথ্য সংযোজিত হওয়ার পরে কৃষক নিচের messageটি দেখতে পাবেন।




এরপর ব্যাঙ্ক থেকে অ্যাকাউন্ট -এর তথ্য প্রমাণীকরণ হয়ে গেলে কৃষকের Update প্রক্রিয়া সম্পূর্ণ হবে। তখন কৃষক ধান বিক্রির জন্য দিন স্থির (schedule) করতে ও ধান বিক্রি করতে পারবেন।